



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন : ০২২৩৩৮৩৬৩৭
ই-মেইল : dgmpd1@krishibank.org.bd
ওয়েব : www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-১/বিবিধ-৩১(অংশ-৫)/২০২৩-২০২৪/৬৮৮৩

তারিখ: ০৯.০৪.২০২৪ খ্রি.

উপমহাব্যবস্থাপক (প্রশাসন)

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।

বিষয়: উন্নত চিকিৎসার উদ্দেশ্যে বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের অনুমতি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুরের ২৫.০২.২০২৪ খ্রি. তারিখের পত্র নং ১৮১১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত পত্রের মাধ্যমে প্রেরিত বাংলাদেশ কৃষি ব্যাংক, বিলগোবিন্দপুর শাখা, ফরিদপুরের কর্মকর্তা জনাব অনুপম দাস (এ-৮-২৭১) এর আবেদন, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ এবং এ ব্যাংকের সিনিয়র স্বাস্থ্য উপদেষ্টার মতামতের প্রেক্ষিতে তার ছেলের উন্নত চিকিৎসার উদ্দেশ্যে কর্তৃপক্ষ তাকে নিম্নবর্ণিত শর্তাবলিতে ভ্রমণের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন (যাতায়াত সময়সহ) বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের সদয় অনুমোদন প্রদান করেছেন।

শর্তাবলি

- আবেদনে উল্লিখিত দেশ (ভারত) ও উদ্দেশ্য (চিকিৎসা) ব্যতীত অন্য কোন দেশ ও উদ্দেশ্যে ভ্রমণ করা যাবে না;
- প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় খরচ সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব উৎস হতে বহন করবেন এবং এতে বাংলাদেশ কৃষি ব্যাংক বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে ছুটি মঞ্জুরিসহ ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং সকল ভাতাদি দেশীয় মুদ্রায় প্রদেয় হবে;
- ভ্রমণের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন (যাতায়াত সময়সহ) বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণ করবেন এবং ভ্রমণসঙ্গী, ১.সেতু রাণী দাস (স্ত্রী), ২. অনিশ দাস (ছেলে) ও বাংলাদেশ সার্ভিস রুলস এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক অন্য কোন বিশেষ আদেশ না থাকলে ছুটি মঞ্জুরির তারিখের ৩৫ (পঁয়ত্রিশ) দিনের মধ্যে ছুটি আরম্ভ করতে হবে;
- ভ্রমণের মেয়াদান্তে যথা সময়ে প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবেন, উক্ত ছুটির অতিরিক্ত কোন ছুটি ভোগ করতে পারবেন না এবং
- বহিঃবাংলাদেশ ভ্রমণ শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা কে অবহিত করতে হবে।

০৩। জনাব অনুপম দাস (এ-৮-২৭১) এর বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণ সংক্রান্ত ছুটিকালীন সময়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিলগোবিন্দপুর শাখা, ফরিদপুরের ২য় কর্মকর্তা (কর্মকর্তা) জনাব এস.এম. জিয়াউল আবেদীন (জেড-৫১৮) নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে সংশ্লিষ্ট কর্মকর্তার রুটিন দায়িত্ব পালন করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(ফেরদৌস আহম্মদ)

সহকারী মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-১/বিবিধ-৩১(অংশ-৫)/২০২৩-২০২৪/৬৮৮৩(২৪)

তারিখ: ০৯.০৪.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো :

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০৫. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা/সকল স্থলবন্দর, বাংলাদেশ।
০৬. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কে জনাব অনুপম দাস (এ-৮-২৭১) এর বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের অনুমতিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭. মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর।
০৮. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
০৯. ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিলগোবিন্দপুর শাখা, ফরিদপুর।
১০. জনাব অনুপম দাস (এ-৮-২৭১), কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিলগোবিন্দপুর শাখা, ফরিদপুর।
১১. জনাব এস.এম. জিয়াউল আবেদীন (জেড-৫১৮), ২য় কর্মকর্তা (কর্মকর্তা), বাংলাদেশ কৃষি ব্যাংক, বিলগোবিন্দপুর শাখা, ফরিদপুর।
১২. নথি/মহানথি।

০৯/০৪/২০২৪
(মুহাম্মদ তারিফ বিন ওয়ালি)
কর্মকর্তা